19 JUL 1992

তারিখ ... 19 JUL 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

৪

112

# প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা স্থগিত

।। স্টাফ রিপোর্টার ।।

সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষক নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। আগামী ২৪ ও ৩১শে জুলাই এ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে, সরকারী উচ্চ পর্যায়ের সিদ্ধান্ত অনুযায়ী লিখিত পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। পরীক্ষার পরবর্তী তারিখ আগামী কয়েক দিনের মধ্যেই জানানো হবে। যে সমস্ত পরীক্ষার্থীর মধ্যে প্রবেশপত্র বিতরণ করা হয়েছে তা বাতিল না করে পুনঃঘোষিত পরীক্ষায় অংশগ্রহণ করাযাবে।

জানা গেছে, প্রায় ২ লাখ ৬০ হাজার পুরুষ ও মহিলা চাকরি প্রার্থী প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা পদে আবেদন করেছে। তবে বিভিন্ন শর্ত আরোপের কারণে যোগ্যতা থাকা সত্ত্বেও আরও বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী এ দু'টি পদে আবেদন করা থেকে বঞ্চিত হয়।